

## পরিবেশ নীতি

### Environment Policy

#### উদ্দেশ্যঃ

নিরবিচ্ছিন্নভাবে কারখানায় উৎপাদন নিশ্চিত করণের জন্য কারখানায় কর্মক্ষেত্রের পরিবেশ সংরক্ষনে নীতিমালা প্রনয়ন করা হয় ।

#### পরিধিঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড, অলিপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ- এর সকল বিভাগ/ শাখার জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে ।

#### দায়িত্বঃ

দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট এইচআর, কমপ্লায়েন্স কর্মকর্তা ও প্রশাসন বিভাগে নিয়োজিত ব্যক্তিবর্গ ।

#### বিবরণঃ

কর্মক্ষেত্রে পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন থাকলে কাজে গতিশীলতা আসে । কর্মক্ষেত্রের পরিবেশ সুন্দর ও পরিচ্ছন্ন রাখার জন্য আমাদের নিম্নোক্ত পন্থা অবলম্বন করতে হবে :

- উৎপাদন ব্যবস্থাপনার প্রতিদিনের বর্জ্য, অব্যবহারযোগ্য কাপড়, কাটুন নির্দিষ্ট স্থানে রাখতে হবে ।
- প্রতিদিন ক্লিনারগন ৪ বার ফ্লোর থেকে বর্জ্য অপসারণ করতে হবে ।
- কারখানার প্রতিদিনের অপসারণকৃত বর্জ্য ফ্যাষ্টরীর অভ্যন্তরস্থ ওয়েস্টেজ ডিসপোজাল বুমে রাখতে হবে ।
- বর্জ্য সংগ্রহ ও নিক্ষেপনের কাজে নিয়োজিত ব্যক্তির বর্জ্য আনা নেওয়ার সময় কোন বর্জ্য যেন মাটিতে না পড়ে তা খেয়াল রাখতে হবে ।
- ডিজেল বা থিনারের ড্রাম কোন সময় কাটা যাবে না, নির্দিষ্ট স্থানে জমা রাখতে হবে ।
- থিনার বা রাসায়নিক পদার্থের পাত্র অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না ।
- বর্জ্য অপসারণে নিয়োজিত ব্যক্তিদের বিভিন্ন ধরনের বর্জ্য, অপসারণ পদ্ধতি ও এর ক্ষতিকারক দিক সম্পর্কে সচেতন করতে হবে ।

#### সূত্রঃ

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ (সংশোধনী- ২০১৩, ২০১৮) ও বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ (সংশোধনী- ২০২২) ।

#### উপসংহারঃ

বঙ্গ বিল্ডিং ম্যাটেরিয়ালস লিমিটেড উপরোক্ত নীতি অনুযায়ী অত্র কারখানায় কর্মক্ষেত্রের পরিবেশ সংরক্ষনের নীতিমালা মেনে চলবে । প্রয়োজন সাপেক্ষে কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম আইনের সাথে সামঞ্জস্য রেখে উক্ত নীতির পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে পারবে । সেক্ষেত্রে সংশোধিত নীতি বাংলাদেশ কল-কারখানা অধিদপ্তর এ অবহিত করে অনুমোদন গ্রহন করতে হবে ।